মুজিব বর্ষের কূটনীতি // প্রগতি ও সম্প্রীতি

পররাষ্ট্র মন্ত্রণালয়
কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ

## অনানুষ্ঠানিক নোট

বিষয়ঃ **কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এপ্রিল ২০২২ মাসের মাসিক প্রতিবেদন**

সূত্রঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের গবেষণা অনুবিভাগের অনানুষ্ঠানিক নোট, নং-১৯.০০.০০০০.৮১০.১৬.০০১.১৯, তারিখঃ ২৪ এপ্রিল ২০২২

উপর্যুক্ত বিষয় এবং বরাতের পরিপ্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের ২০২২ এপ্রিল মাসের মাসিক প্রতিবেদন এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

05.05.22
(তাহমিনা আক্তার)
সহকারী সচিব

**সহকারী সচিব (গবেষণা)**

ইউও নোট নং-১৯.০০.০০০০.৫৩০.৩৩.২২ /রিপোর্ট/০৪ তারিখঃ ০৫ মে ২০২২ খ্রিঃ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ**
**ঢাকা**

নং.- ১৯.০০.০০০০.৫৩০.৩৩.০০০.২২ ৫ মে ২০২২

**বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এপ্রিল ২০২২-এর মাসিক প্রতিবেদন**

গত এপ্রিল ২০২২-সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

০১. **বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট সেবা চালুকরণঃ** এপ্রিল ২০২২ মাসে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সমন্বয়ে একটি টিম ই-পাসপোর্টের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে কুয়ালালামপুর মিশনে পরিদর্শনে যান। এছাড়াও ই-পাসপোর্ট সেবা চালু পরবর্তী Operational Acceptance Test (OAT) এর জন্য অনুরূপ একটি প্রতিনিধি দল ওয়াশিংটন ডিসি, লস এঞ্জেলেস ও নিউইয়র্ক মিশনে পরিদর্শনে যান। এখন পর্যন্ত ১৫ টি বাংলাদেশ মিশনে ই পাসপোর্ট সেবা চালু করা হয়েছে।

০২. **দলিলাদি সত্যায়নঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে পররাষ্ট্র মন্ত্রণালয় নিরলসভাবে কাজ করে চলেছে। এ অনুবিভাগ বিদেশ গমণেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যু সনদ, পুলিশ ক্লিয়ারেন্স সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও পুনঃইস্যু করে থাকে। এরই ধারাবাহিকতায় এপ্রিল -২০২২ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ১৩০,০১৫ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

| নং | সেবার ধরণ/নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন | ৮৪০৯০ টি |
| ০২. | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন | ৭৩০ টি |
| ০৩. | আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই | ২০৩ টি |
| ০৪. | শিক্ষা সনদ সত্যায়ন | ১৮৯৮৪ টি |
| ০৫ | বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি ) সত্যায়ন | ২৬০০৮ টি |
| | **মোট সেবার সংখ্যা** | **১৩০,০১৫ টি** |

০৩. **ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে এপ্রিল ২০২২ মাসে ২২৪ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৪. **কূটনৈতিক পত্র ইস্যুঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি কার্যোপলক্ষ্যে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত এপ্রিল ২০২২ মাসে ১৫৮৮ জন নাগরিকের জন্য ৩৯৭টি নোট ভারবাল এবং ৫৫৪জন নাগরিকের জন্য ২৪৪টি লেটার অব ইন্ট্রোডাকশন ইস্যু করেছে।

০৫. **কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক এপ্রিল মাসে ৫২টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ৫০টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৬. **সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ** ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ৪৯টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৭. **অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ০৭ টি অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ প্রদান করেছে এবং০৪ টি অফিসিয়াল পাসপোর্ট বাতিলের জন্য সনদ প্রদান করেছে।

০৮. **মৃতদেহ প্রত্যাবাসন সংক্রান্ত কার্যাবলিঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কল্যাণ শাখা ইতালি থেকে (০৩) জন এবং কাতার থেকে ০১ জন বাংলাদেশি নাগরিকের মৃতদেহ দেশে প্রত্যাবসনের ব্যাপারে সার্বিক কার্যাবলি সম্পাদন ও প্রয়োজনীয় সমন্বয় সাধন করেছে।

০৯. **বাংলাদেশি নাগরিকগণের প্রত্যাবাসনঃ**

(ক) প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন দেশে অবস্থানরত ৪৩ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব যাচাই এর জন্য মিশন র্কতৃক প্রেরিত আবেদনপত্রসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত ৩৭ জন বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট বিভিন্ন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

(খ) লিবিয়া গমনেচ্ছু ৩০ জন বাংলাদেশি নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু করা হয়েছে।

১০. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান।

১১. এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধীক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।

## মে- ২০২২ এর র্কম-পরিকল্পনা

ক) ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণের অংশ হিসেবে এখন পর্যন্ত ১৫ টি বাংলাদেশ মিশনে ই পাসপোর্ট সেবা চালু করা হয়েছে। বাকি সকল মিশনে ই-পাসপোর্ট সেবা চালুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে সার্বিক সমন্বয় সাধন করা হবে।
খ) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।
গ)বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।
ঘ)লিবিয়া থেকে চার্টার্ড ফ্লাইটের মাধ্যমে ১৫০ জন অনিয়মিত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসন করা হবে।
ঙ) বিদেশে মৃত বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।
চ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন
ছ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণয
জ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ
ঝ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যান্য রুটিন কার্যাবলী সম্পাদন

05.05.22

(তাহমিনা আক্তার)
সহকারী সচিব (কনস্যুলার ও এমআরপি)